

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
আইসিটি সেল
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০১৫.৩২.০০১.১৮.৩২

তারিখ: ১০/১১/১৪২৪ বঙ্গাব্দ
২২/০২/২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম “কৃষি বাতায়ন” এবং “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধন।

আগামী ২৮/০২/২০১৮ খ্রি: তারিখ সকাল ১১.৩০ হতে দুপুর ১২.১০ টা পর্যন্ত সময়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম “কৃষি বাতায়ন” এবং “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধন করতে মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য, “কৃষি বাতায়ন” ব্যবহারের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষি সম্প্রসারণ কর্মীর সাথে কৃষকের সার্বক্ষণিক যোগাযোগ, কৃষি গবেষণার সাথে মাঠ পর্যায়ের সংযোগ সাধন, কৃষি তথ্য ভিত্তিক জ্ঞানভান্ডার গড়ে তোলা এবং মাঠ পর্যায়ে হতে কেন্দ্র পর্যন্ত বিবিধ রিপোর্ট আদান প্রদানে সহায়ক হবে। এ বাতায়নের সহায়ক মোবাইল এপ্লিকেশন “কৃষক বন্ধু ফোন সেবা” এর মাধ্যমে ৩৩৩১ নম্বরে ফোন করে কৃষক নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তার সাথে স্বয়ংক্রিয়ভাবে সংযোগ স্থাপন এবং অতি সহজে প্রয়োজনীয় কৃষি সেবা পেতে সমর্থ হবেন। “কৃষি বাতায়ন” ও “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধনের ফলে কৃষকগণ তথা কৃষির সাথে সংশ্লিষ্ট জনগণ অতি সহজেই কৃষি সংক্রান্ত তথ্যাদি পাবেন।

০৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১৩টি অঞ্চলের সাথে বগুড়া অঞ্চলের বগুড়া জেলা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সংযুক্ত হবে। এ বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১৪টি অঞ্চলের অতিরিক্ত পরিচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, আগামী ২৮/০২/২০১৮ খ্রি: তারিখে গণভবন হতে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম “কৃষি বাতায়ন” এবং “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধনে সংযুক্ত থেকে কর্মসূচি সফল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(বলাই কৃষ্ণ হাজারী)

যুগ্মসচিব

ফোন নং-৯৫৬৮৪১১

ই-মেইল: moa.ex3@gmail.com

জেলা প্রশাসক
বগুড়া জেলা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক (ইনোভেশন), এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (পিপি/সম্প্রসারণ/প্রশাসন ও উপকরণ/গবেষণা/নিরীক্ষা) ও মহাপরিচালক (বীজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপ-লোড করার অনুরোধ করা হলো)
- ৮। অফিস কপি ও মাস্টার কপি।

| | |
|--------------------------|---------------------|
| অতিরিক্ত সচিব | |
| প্রশাসন ও উপকরণ অনুবিভাগ | |
| যুগ্ম-সচিব (প্রশাঃ) | যুগ্ম-সচিব (উপঃ) |
| উপ-সচিব (সেবা) | উপ-সচিব (আইন) |
| উপ-সচিব (প্র-৩) | উপ-সচিব (উপ-১) |
| উপ-সচিব (প্র-৪) | যুগ্ম-সচিব (FMM) |
| উপ-সচিব (প্র-৫) | যুগ্ম-সচিব (সো/মনি) |
| ব্যক্তিগত কর্মকর্তা | সহকারী |
| নাম্বরঃ ২৪৪৮ | তারিখঃ ২০/১২/১৮ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

০৭ ফাল্গুন ১৪২৪

১৯ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় : ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম “কৃষি বাতায়ন” এবং “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধন।

সূত্র : নং-১২.০০.০০০০.০১৫.৩২.০০১.১৮.১৭ তারিখ : ৩১ জানুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত সার-সংক্ষেপের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত তারিখ ও সময় মোতাবেক ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে দেশব্যাপী ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম “কৃষি বাতায়ন” এবং “কৃষক বন্ধু ফোন সেবা” উদ্বোধনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন :

তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০১৮ (বুধবার)

সময় : ১১ঃ৩০ ঘটিকা

স্থান : গণভবন

২। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



(কাজী নিশাত রসুল)

প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১

ফোনঃ ৯১৪৩০৭৩

সিনিয়র সচিব

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, এসএসএফ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৫। প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৭। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১০। প্রধানমন্ত্রীর এডিসি, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১১। প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১২। এস.এস.এফ (অপস), প্রধানমন্ত্রীর কার্যালয়।

| |
|-------------------------------|
| যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর |
| প্রশাসন-১ শাখা |
| প্রশাসন-২ অধিশাখা |
| প্রশাসন-৩ অধিশাখা |
| প্রশাসন-৫ অধিশাখা |
| আইন অধিশাখা |
| ই-সিটি সেল |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| অন্যান্য শাখা |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| নাম্বরঃ ৬২৬ |
| তারিখঃ ২০/১২/১৮ |